Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 12 April, 2025

রাশিয়া ও ক্রোয়েশিয়ায় সরকারি সফর শেষে আজ শনিবার (১২ এপ্রিল) দেশে ফিরেছেন বাংলাদেশ সেনাবাহিনীর প্রধান জেনারেল ওয়াকার-

উজ-জামান।সফরকালে তিনি তুই দেশের সামরিক ও বেসামরিক শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করে দ্বিপক্ষীয় সহযোগিতা, প্রশিক্ষণ বিনিময়

এবং প্রতিরক্ষা খাতে যৌথ কর্মসূচি নিয়ে আলোচনা করেন।বাংলাদেশ আর্মির ভেরিফায়েড ফেসবুক পেজে বিষয়টি জানানো হয় সফরের

শুরুতে, ৭ এপ্রিল তিনি রাশিয়ার ডেপুটি ডিফেন্স মিনিস্টার জেনারেল এ ফোমিনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন।বৈঠকে পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়, প্রশিক্ষণ

সহায়তা, রাশিয়ায় দক্ষ জনশক্তি রপ্তানি, উচ্চশিক্ষা, আঞ্চলিক নিরাপত্তা এবং যৌথ সামরিক প্রশিক্ষণ বিষয়ে আলোকপাত করা হয়।

৮ এপ্রিল তিনি রাশিয়ার সেনাবাহিনীর প্রধান জেনারেল ওলেগ সালিউকভের সঙ্গে বৈঠক করেন।এতে সামরিক প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মধ্যে

প্রশিক্ষণার্থী বিনিময়, প্রতিরক্ষা সহযোগিতা এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নিয়ে ফলপ্রসূ আলোচনা হয়।সফরের অংশ হিসেবে জেনারেল ওয়াকার

রাশিয়ার রাষ্ট্রীয় জালানি সংস্থা রোসাটমের মহাপরিচালকের সঙ্গে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের ভৌত নিরাপত্তা ও বিদ্যুৎ সঞ্চালন নিশ্চিতকরণ নিয়ে

বৈঠক করেন।এ ছাড়া রোসটেক ও রোসোবোরন এক্সপোর্টের শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে তুই দেশের মধ্যে প্রতিরক্ষা সহযোগিতা দ্রুত ও কার্যকর করার

বিষয়ে আলোচনা করেন।

পরবর্তী পর্যায়ে, ১০ এপ্রিল তিনি ক্রোয়েশিয়ার সশস্ত্র বাহিনীর প্রধান লেফটেন্যান্ট জেনারেল তিহোমির কুন্দিদের সঙ্গে সাক্ষাৎ করেন।এ

সময় প্রতিরক্ষা শিল্প গঠনে সম্ভাবনা, সামরিক মহড়ার আয়োজন এবং প্রশিক্ষণ ও সক্ষমতা বৃদ্ধির দিকগুলোতে গুরুত্ব দিয়ে আলোচনা করা

হয়।

রাশিয়া সফর শুরু হয়েছিল ৬ এপ্রিল এবং পরে ১০ এপ্রিল তিনি ক্রোমেশিয়া যান।

রাশিয়া ক্রোয়েশিয়া সেনাবাহিনী,ওয়াকার-উজ-জামান,

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 04:39

URL: https://timestodaybd.com/national/680775807